এসজিএফএল-এর কাজের গতিশীলতা, উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর ইনোভেশন টিমের ১৩-০৮-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌ. মোঃ ফারুক হোসেন<br>মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার |
| তারিখ | : | ১৩ আগস্ট ২০২৪। |
| সময় | : | ১১:০০ ঘটিকা। |
| স্থান | : | কনফারেন্স রুম, প্রধান কার্যালয় |
| উপস্থিতি | : | উপস্থিতি "ক" সংযুক্ত |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' হিসেবে সংযুক্ত করা হলো।

**আলোচনা:**

কোম্পানীর কাজের গতিশীলতা, গুণগত পরিবর্তন ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর বাৎসরিক ইনোভেটিভ কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর বাস্তবায়ন সংক্রান্তে এসজিএফএল অফিস আদেশ নম্বর: ২৮.২০.৯১৫৩.১৬১.৫৮.০০১,২২.৭৫ তারিখ: ১৮ মে ২০২৪ এর আলোকে গঠিত কোম্পানির ইনোভেশন টিমের সভা ১৩-০৮-২০২৪ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কোম্পানির মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার সভাপতিত্ব করেন। সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাকে তিনি জানান যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর ৪নং ক্রমে উল্লিখিত ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা নির্ধারন করে ৩১-০৮-২০২৪ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা কিভাবে নির্ধারণ করা যায় সে বিষয়ে আলোচনা করেন। এরপর ইনোভেশন টিমের সদস্য সচিব মোঃ তরিকুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক (এইচআরএম-১) ২০২৪-২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্যান্য বিষয়গুলো উপস্থাপন করেন। সেই সাথে যথাসময়ে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আরও জানান যে, এসজিএফএল এর আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন এবং প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের লক্ষ্যে ফিল্ড/স্থাপনা হতে ইনোভেটিভ আইডিয়া সংগ্রহ করা হয়েছে। ফিল্ড/স্থাপনা হতে প্রাপ্ত আইডিয়াসমূহ নিয়ে সভায় পর্যায়ক্রমে আলোচনা করা হয়। কিন্তু অধিকাংশ আইডিয়া সিটিজেন চার্টার এবং মাঠ পর্যায়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২৫ এর সাথে সামঞ্জস্যপূর্ণ নয় বিধায় ইনোভেশন অফিসারসহ সভায় উপস্থিত অধিকাংশ সদস্য পুনরায় বিভিন্ন বিভাগ/ফিল্ড/ডিপার্টমেন্ট/প্রকল্প হতে সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের প্রস্তাব/উদ্ভাবনী ধারণা (Innovative Idea) প্রদানের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেন। তার পূর্বে সিটিজেন চার্টার এবং মাঠ পর্যায়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২৫ এবং সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের প্রস্তাব/উদ্ভাবনী ধারণা (Innovative Idea) সংক্রান্ত স্পষ্ট ধারণা প্রদান করতে কোম্পানির মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) বিভাগ/ফিল্ড/ডিপার্টমেন্ট/প্রকল্প কে নিয়ে একটি জুম সেশন আয়োজন করার পরামর্শ প্রদান করেন।

ইনোভেশন টিমের সদস্য সচিব মোঃ তরিকুল ইসলাম কর্তৃক কোম্পানীর কর্মকর্তা কর্মচারীদের মধ্যে সার্বিক যোগাযোগ কিভাবে বৃদ্ধি করা যায় সে বিষয়ে সভার সকলের কাছে পরামর্শ চাওয়া হলে কোম্পানির মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) মহোদয় বলেন যে, ব্যবস্থাপনা পরিচালক এর অনুমোদন সাপেক্ষে শুধুমাত্র কর্মকর্তা কর্মচারীদের

জন্য একটি অফিসিয়াল হোয়াটস অ্যাপ গ্রুপ খোলা যেতে পারে যেখানে শুধুমাত্র অফিসিয়াল পোস্ট থাকবে, কোন ব্যক্তিগত পোস্ট থাকবে না।

বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০১) ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা নির্ধারণের জন্য প্রতিটি বিভাগ/ফিল্ড/ডিপার্টমেন্ট/প্রকল্পে আন্তঃবিভাগীয় পত্র প্রেরণ করা;

০২) সিটিজেন চার্টার এবং মাঠ পর্যায়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২৫ এবং সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের প্রস্তাব/উদ্ভাবনী ধারণা (Innovative Idea) সম্পর্কে সুস্পষ্ট ধারনা প্রদানের নিমিত্ত জুম সেশনের আয়োজন করা;

০৩) সিটিজেন চার্টার এবং মাঠ পর্যায়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২৫ এর সাথে সামঞ্জস্য রেখে বিভাগ/ফিল্ড/ডিপার্টমেন্ট/প্রকল্প হতে সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের প্রস্তাব/উদ্ভাবনী ধারণা (Innovative Idea) প্রদানের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা;

০৪) কোম্পানীর সকল কর্মকর্তা-কর্মচারীর মধ্যে যোগাযোগ রক্ষার সুবিধার্থে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে একটি অফিসিয়াল হোয়াটস অ্যাপ গ্রুপ খোলা;

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৫/০৮/২০২৪
(প্রকৌ. মোঃ ফারুক হোসেন)
মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও
ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

বিতরণ:

- জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম, উপমহাব্যবস্থাপক (এমআইএস, বাজেট এন্ড বাজেটরি কন্ট্রোল), হিসাব ও অর্থ বিভাগ, এসজিএফএল ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি
- প্রকৌ. ফারহানা নাজরীন, ব্যবস্থাপক (এমএম-সিএফপি), এসজিএফএল ও সদস্য
- প্রকৌ. রতন কান্তি নাথ, ব্যবস্থাপক (এমআইএস এন্ড রিপোর্টিং), পরিকল্পনা ডিপার্টমেন্ট, এসজিএফএল ও সদস্য
- প্রকৌ.মাসুদুর রহমান, ব্যবস্থাপক (কারিগরি), পরিকল্পনা ডিপার্টমেন্ট, এসজিএফএল ও সদস্য
- প্রকৌ. পল্লব কুমার দত্ত, উপব্যবস্থাপক (আইসিটি), আইসিটি ডিপার্টমেন্ট, এসজিএফএল ও সদস্য
- জনাব মোঃ শামীম রেজা, সহকারী ব্যবস্থাপক (এইচআরএম-২), প্রশাসন ডিভিশন, এসজিএফএল ও সদস্য
- জনাব মোঃ তরিকুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক (এইচআরএম-১), প্রশাসন ডিভিশন, এসজিএফএল ও সদস্য সচিব
- জনাব নওশীন আক্তার তিশা, সহকারী ব্যবস্থাপক (ভূতত্ত্ব), আরডিএম ডিভিশন, এসজিএফএল ও সদস্য

অনুলিপি:

-ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল
-অফিস কপি।

# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

SGFL

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

**কোম্পানির কাজে গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে এসজিএফএল-এর অফিস আদেশ নং ২৮.২০.৯১৫৩.১৬১.৫৮.০০১.২২.৭৫ তারিখ ১৮-০৫-২০২৪ দ্বারা পুনর্গঠিত ইনোভেশন টিম এর সভা**

| | | |
|---|---|---|
| স্থান | : | সভাকক্ষ, প্রধান কার্যালয়, এসজিএফএল। |
| তারিখ | : | ১৩ আগস্ট ২০২৪। |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা। |
| সভাপতি | : | প্রকৌ. মোঃ ফারুক হোসেন, মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব), এসজিএফএল ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি। |

## উপস্থিত কর্মকর্তাগণ

| ক্র. নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | প্রকৌ. মোঃ ফারুক হোসেন<br>মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব), এসজিএফএল ও ইনোভেশন অফিসার | 13/8/2024 |
| ২. | জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম<br>উপমহাব্যবস্থাপক (এমআইএস, বাজেট এন্ড বাজেটরি কন্ট্রোল),হিসাব ও অর্থ বিভাগ, এসজিএফএল ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি | 13.8.24 |
| ৩. | প্রকৌ. ফারহানা নাজরীন<br>ব্যবস্থাপক (এমএম-সিএফপি), এসজিএফএল ও সদস্য | 13.08.24 |
| ৪. | প্রকৌ. রতন কান্তি নাথ<br>ব্যবস্থাপক (এমআইএস এন্ড রিপোর্টিং), পরিকল্পনা ডিপার্টমেন্ট, এসজিএফএল ও সদস্য | 13.5.2024 |
| ৫. | প্রকৌ. মাসুদুর রহমান<br>ব্যবস্থাপক (কারিগরি), পরিকল্পনা ডিপার্টমেন্ট, এসজিএফএল ও সদস্য | 13/05/2024 |
| ৬. | প্রকৌ. পল্লব কুমার দত্ত<br>উপব্যবস্থাপক (আইসিটি), আইসিটি ডিপার্টমেন্ট, এসজিএফএল ও সদস্য | 13/08/2024 |
| ৭. | জনাব মোঃ শামীম রেজা<br>সহকারী ব্যবস্থাপক (এইচআরএম-২), প্রশাসন ডিভিশন, এসজিএফএল ও সদস্য | 13/08/2024 |
| ৮. | জনাব মোঃ তরিকুল ইসলাম<br>সহকারী ব্যবস্থাপক (এইচআরএম-১), প্রশাসন ডিভিশন, এসজিএফএল ও সদস্য সচিব | 13/08/24 |
| ৯. | জনাব নওশীন আক্তার তিশা<br>সহকারী ব্যবস্থাপক (ভূতত্ত্ব), আরডিএম ডিভিশন, এসজিএফএল ও সদস্য | 13/08/24 |